


Publication & Date: Sokalbela, 22nd April, 2011

Page Number: 11

Head Line: Drug Research

২২ এপ্রিল, ২০১১ • সকালবেলা • ১১



ঔষুধ গবেষণা

স্টাফ রিপোর্টার: ঔষুধ গবেষণা কেন্দ্র চালু হল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। 'ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার' (সিআরসি) নামের ঔই কেন্দ্রে আপাতত গবেষণার কাজ হলেও, অদূর ভবিষ্যতে সেখানে ঔষুধের উপর পঠন পাঠনেরও ব্যবস্থা করা হবে। বৃহস্পতিবার ঔই গবেষণা কেন্দ্রের উদ্বোধন উপলক্ষে জাতীয় স্তরের একটি আলোচনা সভারও আয়োজন করা হয়। সিআরসি-র অধিকর্তা হিসেবে দায়িত্ব নিয়েছেন ড. তপনকুমার চট্টোপাধ্যায়। সিআরসি-র সঙ্গে যৌথভাবে এদিনের অনুষ্ঠান আয়োজন করে মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতাল। সহযোগিতায় কল্যাণীর 'বেঙ্গল ইনস্টিটিউট অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস' এবং 'ত্রিপুরা ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল সায়েন্সেস'। আলোচনায় অধ্যাপক বিশ্বনাথ সা জানান, এদিন বেসরকারি হাসপাতাল এবং চিকিৎসা গবেষণাকেন্দ্রসহ মোট আটটি সংস্থাকে সিআরসি নথিভুক্ত করেছে। সিআরসি-র গবেষক এবং ভবিষ্যতের পড়ুয়ারা যাতে এই সংস্থাগুলিতে প্রাকটিক্যাল কাজকর্ম এবং প্রয়োজনে সিআরসি এই সংস্থাগুলোতে কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারে, সেই জন্যই এই উদ্যোগ। রাজ্য ড্রাগ কন্ট্রোলার অধিকর্তা সি এম ঘোষ জানান, অ্যালোপ্যাথি ঔষুধের পাশাপাশি আয়ুর্বেদ ঔষুধেরও অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রসাধন সামগ্রীর বিপদ নিয়ে বলেন এ রায়চৌধুরী। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যাপেলর অধ্যাপক পি এন ঘোষ, প্রো-ভাইস-চ্যাপেলর অধ্যাপক সিদ্ধার্থ দত্ত, সিআরসি-র অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান অধ্যাপক এন চক্রবর্তী, অধ্যাপক সুজাতা ঘোষদস্তিদার, মেডিকা-র চেয়ারম্যান অলোক রায়, ড্রাগ কন্ট্রোলার সমির রায়চৌধুরী, ড. জয়ন্ত চৌধুরী প্রমুখ।